

সারাদেশ

জমি বিরোধের জেরে মাদারীপুরে যুবককে কুপিয়ে জখম



প্রতিবেদক: মাদারীপুর প্রতিনিধি

প্রকাশের তারিখ: শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০২৬, ০৪:৩৭ PM



মাদারীপুর সদর উপজেলার রাস্তা ইউনিয়নের লক্ষীগঞ্জ এলাকায় জমিজ সংক্রান্ত বিরোধ ও পূর্ব শত্রুতার জেরে সৌরভ বয়াতী (২০) নামে এক যুবককে কুপিয়ে ও পিটিয়ে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টা ১৫ মিনিটের দিকে রাস্তা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের লক্ষীগঞ্জ গ্রামের সোরহাব কাজীর বাড়ির সামনে এ ঘটনা ঘটে।

আহত সৌরভ বয়াতী ওই এলাকার সান্টু বয়াতীর ছেলে।

স্থানীয় ও প্রাথমিকভাবে পাওয়া তথ্য অনুযায়ী, শুক্রবার সন্ধ্যায় একটি পারিবারিক দাওয়াত অনুষ্ঠান শেষে সৌরভ নিজ বাড়িতে ফিরছিলেন। পথে সোরহাব কাজীর বাড়ির সামনে পৌঁছালে মিজান কাজীসহ অজ্ঞাতনামা ১০ থেকে ১৫ জন তার ওপর হামলা চালান বলে অভিযোগ করা হয়েছে।

অভিযোগ রয়েছে, হামলাকারীরা দেশীয় অস্ত্র দিয়ে সৌরভকে এলোপাতাড়ি মারধর করেন এবং শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করেন। এতে তিনি গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মাদারীপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

এ ঘটনায় মিজান কাজী, পিতা মৃত এনায়েত কাজী, লক্ষীগঞ্জ, ৬ নম্বর ওয়ার্ড, রাস্তা ইউনিয়ন, মাদারীপুরকে প্রধান অভিযুক্ত করা হয়েছে। তার সঙ্গে অজ্ঞাতনামা আরও ১০ থেকে ১৫ জন ছিল বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

আহত সৌরভের পরিবারের পক্ষ থেকে হামলার পেছনে দীর্ঘদিনের জমিজমা সংক্রান্ত বিরোধ ও পূর্ব শত্রুতাকে কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। তবে হামলার প্রকৃত কারণ এবং ঘটনায় কারা জড়িত, তা তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে।

মাদারীপুর সদর থানা পুলিশ জানিয়েছে, এ ঘটনায় অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ বিভাগের আরও খবর



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাকারার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাইজের ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাইজের ইয়াবাসক্ত ছেলের অভ্যচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি গ্রামের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেলি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।(সোমবার রাত ১০ টার দিকে উপজেলার মপদাশিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কফ সিরাপসহ মো. সবুজ বান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।(মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/jmi-birodher-jere-madaripure-jubkke-kupiye-jkhm>